মেহেরপুরের ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

মেহেরপুরে ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর জেলা পর্যায়ের খেলার উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার (২৩ জানুয়ারি) সকালে জেলা স্টেডিয়াম মাঠে এ খেলার উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সদর, মুজিবনগর ও গাংনী উপজেলায় যারা বিভিন্ন ইভেন্টে চ্যাম্পিয়ন হয় তারা জ্লো পর্যোয়ে খেলার যোগ্যতা অর্জন করে। জেলার মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

জেলা প্রশাসক শামীম হাসান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে খেলার উদ্বোধন ঘোষনা করেন।

জেলা শিক্ষা অফিসার আব্বাসউদ্দিনের সভাপতিত্বে ও প্রধান শিক্ষক শ্বাশদ নিপুনের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা প্রশাসক শামীম হাসান।

এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) লিউজা উল জান্নাহ, অতিরিক্ত পুলিশ সুপার কামরুল হাসান খান, নজরুল শিক্ষা মন্জিলের প্রধান শিক্ষক সানজিদা খাতুন।

অনুষ্ঠানে জেলা শিক্ষা অফিস, উপজেলা শিক্ষা অফিসের কর্মকর্তা ও বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষকসহ শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। আগামীকাল জেলা পর্যায়ের ফাইনাল খেলার মাধ্যমে খেলার সমাপনী অনুষ্ঠিত হবে ।

মেহেরপুরে বাসের ধাক্কায় সাইকেল চালক নি*হত

মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের রাজনগর নামক স্থানে সৌদিয়া পরিবহনের ধাক্কায় অধির কর্মকার (৫৬) নামের এক সাইকেল চালকের মৃত্যু হয়েছে।

আজ মঙ্গলবার সকাল ৮ টার দিকে এ দূর্ঘটনা ঘটে। অধির কর্মকার সদর উপজেলার মোমিনপুর গ্রামের মৃত জয়দেব কর্মকারের ছেলে।

পুলিশ জানায়, অধির কর্মকার আমঝুপি বাজারের একটি স্বর্ণকারের দোকানে কাজ করেন। সকালে সাইকেল চালিয়ে আমঝুপি বাজারের উদ্দেশ্যে বাড়ি থেকে রওনা দেয় সে। মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কের রাজনগর নামক স্থানে তার এক আত্মীয়ের বাড়িতে যাবার জন্য রাস্তা পার হচ্ছিলো। এ সময় ঘন কুয়াশায় ঢাকা ছিলো সড়কটি। পরে চট্টগ্রাম থেকে ছেড়ে আসা সৌদিয়া পরিবহনের একটি বাস তাকে ধাক্কা দেয়। স্থানীয়রা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হসপাতালে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া জানান, রাস্তাতে মোড় নেয়ার সময় সৌদিয়া পরিবহনের ধাক্কায় অধিরের মৃত্যু হয়। পরিবার থেকে অভিযোগ করলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

মুজিবনগরে ৬০ বোতল ফেনসিডিলসহ ব্যবসায়ী আটক

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের মাদকবিরোধী অভিযানে ৬০ বোতল ফেনসিডিলসহ মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

আজ সোমবার (২২ জানুয়ারি) রাত ৮ টার দিকে মুজিবনগর উপজেলার আনন্দবাস গ্রামের টাকি মাস্টারের মেহগনি বাগানের সামনে বটতলার মোড় নামক স্থান থেকে মাদক ব্যবসায়ী মোঃ জহির উদ্দিন হালসানা

(২৭) কে আটক করে ডিবি পুলিশ।

আটককৃত মোঃ জহির উদ্দিন হালসানা সোনাপুর গ্রামের ছয়রুদ্দিন হালসানার ছেলে।

এ সময় জেলা গোয়েন্দা শাখার (ডিবি) ইন্সপেক্টর মোঃ তরিকুল ইসলামের নেতৃত্বে উপস্থিত ছিলেন এসআই (নি:) অরুণ কুমার দাস, এএস আই (নি:) মোহাম্মদ মাসুদ রানাসহ সঙ্গীয় ফোর্স।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মুজিবনগর থানায় মামলার রুজু প্রক্রিয়াধীন রয়েছে।

মেহেরপুরে দুই কেজি গাঁজাসহ আটক ১

মেহেরপুরে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের মাদকবিরোধী অভিযানে ২ কেজি গাঁজাসহ এক জনকে আটক করা হয়েছে।

আজ সোমবার (২২ জানুয়ারি) ভোর সাড়ে ৫ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের কারিকর পাড়া থেকে খোসবার মন্ডল (৫২) কে আটক করে পুলিশ।

জানা গেছে,মেহেরপুর টু চুয়াডাঙ্গা গামী পাঁকা রাস্তার উপর অবৈধ মাদকদ্রব্য উদ্ধারের চেকপোস্টে অভিযান পরিচালনাকালে গোল্ডেন লাইন পরিবহনের মধ্যে থাকা এক ব্যক্তি পুলিশের উপস্থিতি টের পাইয়া বাস থেকে নেমে দৌড় দিয়ে পালানোর চেষ্টা করে। পরে সংগীয় ফোর্সের সহায়তায় তাঁকে ধরে তল্লাশী করলে স্কচটেপ দ্বারা মোড়ানো অবস্থায় ২ কেজি গাঁজা উদ্ধার করা হয়।

এসময় জেলা গোয়েন্দা শাখার পরিদর্শক রত্নেশ্বর কুমার মন্ডল,এসআই নূর মোহাম্মদ মোস্তফাসহ সঙ্গীয় ফোর্স উপস্থিত ছিলো।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মেহেরপুর সদর থানায় মামলা প্রক্রিয়াধীন হয়েছে।

মেহেরপুরে পারিবারিক প্রতারণা ও নির্যাতনে অভিযোগে যুবকের সংবাদ সম্মেলন

পারিবারিক প্রতারণা, নির্যাতন, অর্থ আত্মসাতের অভিযোগ ও বাবার হত্যাকারীদের বিচার চেয়ে মেহেরপুরে সংবাদ সম্মেলন করেছেন রাসেল আহমেদ নামের এক যুবক। গতকাল রবিবার সকাল ১১ টার দিকে মেহেরপুর জেলা প্রেস ক্লাবে তিনি সংবাদ সম্মেলনের আয়োজন করেন।

সংবাদ সম্মেলনে তিনি অভিযোগ করেন, তার বাবা রাজু কামল ছিলেন মেহেরপুরের বীজ ব্যবসায়ী। তার বাবার নগদ অর্থ ও সম্পত্তি আত্মসাত করার লক্ষ্যে তার মা খুশি, দুই চাচা জয়নাল ও নবাব, বোন রাখি ও ভগ্নিপতি মামুন এক জোট হয়ে তার বাবাকে হত্যা করে স্বাভাবিক মৃত্যু বলে চালিয়েছে।

এ বিষয়ে প্রতিবাদ করতে গেলে তার চাচা, মা এবং বোন জবাই তাকে নানাভাবে নির্যাতন করে আমাকে পাগল সাজানোর চেষ্টা করে।

তিনি অভিযোগ করে বলেন, আমি আইনের প্রতি শ্রদ্ধাশীল। আইন অনুযায়ী আমার বাবার হত্যার বিচার দাবি করছি। তার বাবার মৃত্যু তার কাছে রহস্যজনক মনে হয়েছে।

তিনি বলেন, বাবার মৃত্যুর পর যখন হাসপাতাল থেকে লাশ নিয়ে যায় তখন সেই লাশ তারা বাড়িতে ঢোকাতে দেয়নি। এমনকি ওই সময় আমার বোন ও ভগ্নিপতি কাউকে দেখা যায়নি। পরে দাদির বাড়িতে নিয়ে গিয়ে বাবার লাশের দাফন কাজ সম্পন্ন করা হয়। ওই সময় আমার বোন ও ভগ্নপতি সেখানে আসে। তারা চার থেকে ৫ ঘন্টা কোথায় ছিলো। বাবার মৃত্যুর পর তারা বাবার আলমারি থেকে নগদ টাকা ও জমির দলিল গাংনীতে রেখে আসতে গিয়েছিলো।

বাবার মৃত্যুর পর সঞ্চয় অফিস ও রুপালি ব্যাংক থেকে ওয়ারিশ হিসেবে আমার মা প্রায় দেড় কোটি টাকা তুলে আত্মসা’ করেছে। আমি ওই সব প্রতিষ্ঠানে গিয়ে স্টেটমেন্ট চাইলেও আমাকে দেওয়া হয়নি।

রাসেলের স্ত্রী বলেন, আমার যখন প্রথম সন্তান পেটে আসে তখন শাশুড়ি মা আমার পেটের সন্তান নষ্ট করার জন্য চেষ্টা করে একইভাবে দ্বিতীয় সন্তান যখন পেটে আসে তখন তার খালা সেটাও নষ্ট করার চেষ্টা করে বিভিন্ন ওষুধ খাওয়ানোর চেষ্টা করে। আমি না খাওয়াতে তারা তখন আমাকে শারীরিকভাবে নির্যাতন করে আমার সন্তানকে মেরে ফেলার উদ্দেশ্যই এটা করা হয় যাতে করে মামুনের কোন ওয়ারিশ না থাকে এবং সম্পত্তির ভাগ না পায়।

সংবাদ সম্মেলনে মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আযম, সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, কোষাধাক্ষ দিলরুবা খাতুন, দপ্তর সম্পাদক মাসুদ রানাসহ সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরের খোকসায় আগুনে পুড়ে ছাই ব্যবসায়ীর ১ হাজার মণ পাট

মেহেরপুরে সদর উপজেলার খোকসা গ্রামের তারিকুল নামের এক ব্যবসায়ীর পাটের গুদামে ভয়াবহ অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।এতে গুদামে থাকা ১ হাজার মণ পাট পুড়ে ছাই হয়ে গেছে বলে দাবি ভুক্তভোগী ব্যবসায়ীর।

গত বৃহস্পতিবার দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের খোকসা গ্রামের শেখ পাড়ায় এ ঘটনা ঘটে।

ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী মোঃ তারিকুল ইসলাম জানান, তার গুদামে ১ হাজার মণ পাট মজুদ করা ছিল। বৃহস্পতিবার মধ্যরাতে কোনো এক সময় গুদামের মধ্যে আগুন লেগে যায়।

স্থানীয়রা আগুন নিয়ন্ত্রণ চেষ্টা করে পরে ফায়ার সার্ভিসকে খবর দিলে ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে এসে স্থানীয়দের সহযোগিতায় আগুন নিয়ন্ত্রণে আনে। তার আগেই গুদামে থাকা সব পাট পুড়ে যায়। এতে প্রায় ২৬ লাখ টাকার পাট পুড়ে যায়।

তারিকুল বলেন, রাজনৈতিক শত্রুতার কারণে আমার ওপর শত্রুতা করে

দুর্বৃত্তরা আগুন ধরিয়ে দিয়েছে। আমি এখন পথে বসেছি।

এ বিষয়ে মেহেরপুর সদর থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন বলেও জানান তিনি।

এবিষয়ে এ বিষয়ে ফায়ার সার্ভিসের টীম লিডার শামীম রেজা বলেন, আগুন লাগার কারণ এখনো অজ্ঞাত রয়েছে। আগুন লাগার মূল কারণ এখনো জানা যায়নি।

গাংনীতে কৃষকের ৬ বিঘা জমির কলা গাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা

মেহেরপুরের গাংনী উপজেলার বালিয়াঘাট গ্রামের দুই কৃষকের ৬ বিঘা জমির কলাগাছ কেটে দিয়েছে দুর্বৃত্তরা। এতে কৃষকের ক্ষতি হয়েছে প্রায় ১২ লাখ টাকা।

গতকাল শনিবার দিবাগত রাতের কোন এক সময় শাজাহান আলীর এক বিঘা ও রহিদুল ইসলামের ৫ বিঘা জমির কলাগাছ কেটে দেয়ার ঘটনা ঘটে। লিখিত অভিযোগ পেলে ব্যবস্থায় নেওয়ার আশ্বাস পুলিশের। এতে কৃষকের ১২ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে দাবী ক্ষতিগ্রস্ত কৃষকের।

ক্ষতিগ্রস্ত কৃষক সাজাহান আলী ও রহিদুল ইসলাম বলেন, প্রতিবিঘা ৩০ হাজার টাকায় অন্যের কাছ থেকে বর্গা নিয়ে কলার চাষ শুরু করেন। প্রতি বিঘায় তাদের খরচ হয় ৩০ থেকে ৩৫ হাজার টাকা। সকালে লোকজন দেখে কৃষকদের জানানোর পরে জমিতে এসে দেখি জমির সব গাছ কেটে দিয়েছে। কারো সাথে কোন শত্রুতা নেই তারপরও এমন করার কারণ বুঝছি না। ফসল মাঠেই থাকে। ফসলের সাথে শত্রুতা করা হয়েছে । এতে ক্ষতি হয়েছে প্রায় ১২ লাখ টাকা।

গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ মো. ইমরান হোসেন বলেন, কৃষকের ফসল কেটে তছরুপ করার বিষয়টি ন্যাক্কার জনক। এতে শুধু কৃষকের ক্ষতি হয়নি। জেলার অর্থনীতির ক্ষতি করা হয়েছে। এমন

ন্যাক্কার জনক কাজে জড়িতদের আইনের আওতায় আনা উচৎ।

গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) তাজুল ইসলাম বলেন, কলাবাগান কেটে দয়ার ঘটনা শুনেছি।ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লিখিত অভিযোগ পেলে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

মেহেরপুর বড় বাজার স্বপ্নচূড়া সংগঠনের আনন্দ ভ্রমণ আয়োজনে আলোচনা

মেহেরপুর বড় বাজার স্বপ্নচূড়া সংগঠনের আনন্দ ভ্রমণ আয়োজন উপলক্ষে বড় বাজার কাঁচামাল আড়তে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২০ জানুয়ারি) সন্ধ্যা সাতটার সময় বড়বাজার কাঁচামাল আড়তে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সাধারণ সম্পাদক সুজনের সঞ্চালনায় উপস্থিত ছিলেন সভাপতি শফিক, সহ-সভাপতি আলম, যুগ্ম সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম দুলাল, কোষাধ্যক্ষ রাসেল, সদস্য জুয়েল, সুমন্ত, ফেরদৌস।

এসময় মেহেরপুর বড়বাজার স্বপ্নচূড়া সংগঠনের সভাপতি ও সাধারণ সম্পাদসহ উপস্থিত কাঁচামালের আড়ৎ দারমিলে মোট ৪০ জন সদস্য নিয়ে ২২ শে জানুয়ারি রোজ সোমবার সকাল দশটার হাফিজুর মিয়ার বাড়ির সামনে থেকে আনন্দ ভ্রমণ রওনা দিবেন বলে জানান।

মেহেরপুর জেলা বিএনপি আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত

মেহেরপুর জেলা বিএনপির উদ্যোগে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৮৮তম জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার (২০ জানুয়ারি) বিকেলে মেহেরপুর জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের সভাপতিত্বে উপস্থিত ছিলেন জেলা বিএনপি সহ-সভাপতি আব্দুর রহমার, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা বিএনপির সিনিয়র নেতৃবৃন্দ সহ সকল অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা।

গাংনীতে শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ৫২-তম শীতকালীন ক্রীড়া প্রতিযোগিতা ২০২৪ এর সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বিকালে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে বিভিন্ন খেলার সমাপনী অনুষ্ঠিত হয়।মোট ৬৭ টি ইভেন্টে উপজেলার ৪২ টি মাধ্যমিক বিদ্যালয়, মাদ্রাসা ও কারিগরি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে।

গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও জ্লো আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেকের সভাপতিত্বে এবং মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার আবদুল্লাহ আল মাসুমের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর ২ গাংনী আসনের সংসদ সদস্য ডাঃ আবু সালেহ মোহাম্মদ নাজমুল হক সাগর।